**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকার চলতি রবি মরশুমে আগামী ১৯শে ডিসেম্বর থেকে ন্যুনতম সহায়ক মূল্যে ধান কেনা শুরু করবে ।**

**(২) কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, কেন্দ্রীয় সরকার সর্বদা দেশের চিকিৎসা ব্যবস্থাকে সহজলভ্য ও স্বল্প ব্যয়ের করতে সচেষ্ট রয়েছে ।**

**(৩) রাজ্যপাল বলেছেন, কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য সবদিক দিয়েই আসাম এক সমৃদ্ধ রাজ্য ।**

**(৪) মুখ্যমন্ত্রী বলেছেন, রাজ্য সরকার শিক্ষার প্রসারে বহুমুখী প্রকল্প রূপায়ণ করছে ।**

*******************************************

**Paddy Procurement :**

রাজ্য সরকার চলতি রবি মরশুমেও আগামী ১৯শে ডিসেম্বর থেকে ন্যুনতম সহায়ক মূল্যে ধান কেনা শুরু করবে। রাজ্যের ৩৯টি ব্লকে কৃষকদের কাছ থেকে এক যোগে এই ধান কেনা শুরু হবে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানান। তিনি জানান, এবছর রবি মরসুমে ২১ হাজার ৩১৫ মেট্রিক টন ধান কেনার লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। এবার রবি মরশুমে ধানের প্রতিকিলো ন্যুনতম সহায়ক মূল্য নির্ধারন করা হয়েছে ২৩ টাকা। এর ফলে রাজ্যের ১ লক্ষ

৮ হাজার ১২৭ জন কৃষক উপকৃত হবেন। এই সিদ্ধান্ত গ্রহনের আগে আজ কৃষিমন্ত্রী রতন লাল নাথ ও খাদ্যমন্ত্রী শ্রী চৌধুরী ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের সব মহকুমা শাসক, বিডিও, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান খাদ্য ও কৃষি দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠক করেন। বৈঠকে সিদ্ধান্ত হয় আগামী ১৯শে ডিসেম্বর ধান কেনার সূচনা হবে জিরানিয়ার আন্ত:রাজ্য ট্রাক টার্মিনাস প্রাঙ্গনে।

*************************

**MEA on Asst. High Commission :**

পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ আজ এক বিবৃতিতে জানানো হয়েছে, আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন ভবনে ভাঙচুরের ঘটনা অত্যন্ত দুঃখজনক। পররাষ্ট্রমন্ত্রণালয় আরও বলেছে, কূটনৈতিক এবং কনস্যুলেটের সম্পত্তিকে কোনও পরিস্থিতিতেই লক্ষ্যবস্তু করা উচিত নয়। সরকার নয়াদিল্লিতে বাংলাদেশ হাইকমিশন এবং দেশের অন্যান্য স্থানে তাদের উপ-সহকারী হাইকমিশনগুলোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার পদক্ষেপ নিয়েছে।

**************************

**Mansukh Mandaviya :**

কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, কেন্দ্রীয় সরকার সর্বদা দেশের চিকিৎসা ব্যবস্থাকে সহজলভ্য ও স্বল্প ব্যয়ের করতে সচেষ্ট রয়েছে। এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে তিনি জানান, ২০14 সালে ভারতে যেখানে ৩৮৭টি মেডিকেল কলেজ ছিল, ২০২৪ সালে তা বেড়ে হয়েছে ৭৮০। তিনি বলেন, আয়ুষ্মান ভারত ও প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা পৃথিবীর সবচেয়ে বড় চিকিৎসা প্রকল্প হিসেবে গড়ে উঠেছে। এই প্রকল্পে ১২ কোটি পরিবার ৫ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা পাচ্ছেন। এই প্রকল্পে ৭০ বছর এবং তার বেশি বয়সীদেরও যুক্ত করা হয়েছে। উন্নত

পরিকাঠামো, দক্ষ, কর্মপ্রতিভা, ওষুধ-এর গবেষনা ও সহজ লভ্যতা-চিকিৎসা ক্ষেত্রে এক যুগান্তকারী পরিবর্তন এনেছে।

***************************

**International agarwood conclave :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সন্ধ্যায় আগরতলায় এক বেসরকারি হোটেলে চতুর্থ আন্তর্জাতিক আগরউড কনক্লেভ এবং ক্রেতা বিক্রেতা মিটের উদ্বোধন করেন। বনদপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, মুখ্যসচিব জে কে সিনহা, মুখ্য বন সংরক্ষক আর কে সামল প্রমুখ।

****************************

**PM SVANidhi :**

আগরতলা পুর নিগমের দক্ষিণ জোনালের উদ্যোগে জোনাল অফিসে আজ স্ট্রীট ভেন্ডরদের আত্মনির্ভর করে তুলতে পিএম স্বনিধি যোজনায় ঋণ প্রদান করা হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ। শ্রী মজুমদার বলেন, পিএম স্বনিধি যোজনায় কোনো গ্যারান্টার ছাড়াই স্ট্রীট ভেন্ডারদের ঋণ দেওয়া হচ্ছে। তাদের জীবিকার মান আরো উন্নত করাই এই যোজনার মূল লক্ষ্য।

****************************

**CII Partnership Summit :**

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যমন্ত্রী পীযূষ গোয়েল দেশের যুব সম্প্রদায়কে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষা ও দক্ষতায় পারদর্শীর করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি আজ নতুন দিল্লিতে ২৯তম CII partnership summit ২০২৪

এ ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ভারত তার সংস্কৃতি ও পরম্পরা রক্ষায় নিজস্ব গতি ও প্রত্যয়ের সঙ্গে এগিয়ে চলেছে।

***************************

**Navy :**

আগামী ১০ বছরে আরো ৯৬টি জাহাজ ও সাবমেরিন ভারতীয় নৌবাহিনীতে যুক্ত করা হবে। আজ নতুন দিল্লিতে নৌবাহিনী দিবস উপলক্ষে এক সাংবাদিক সম্মেলনে ভারতের নৌবাহিনীর প্রধান এডমিরাল দীনেশ.কে. ত্রিপাঠি এই ঘোষণা দেন।

**************************

**Courtsey Meet :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ দিল্লিতে ট্রাইবেল কো-অপারেটিভ মার্কেটিং ডেভেলপমেন্ট ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান রাম সিং রাথওয়ার সাথে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে রাজ্যে ত্রিপুরায় জনজাতি উন্নয়নে রাজ্য সরকারের উদ্যোগ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

******************************

**Assam Diwas-Govorner :**

আসাম রাজ্য দিবস উপলক্ষে আজ আগরতলায় রাজভবনেও এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে আসাম রাজ্যকে এক গুরুত্বপূর্ণ রাজ্য হিসাবে উল্লেখ করে রাজ্যপাল বলেন, বন্যপ্রাণী, প্রত্নতত্ব, চা বাগিচা ও শিল্পের সমৃদ্ধ সমাহারের কারণে দেশে বিদেশে বিশেষ পরিচিতি রয়েছে আসাম রাজ্যের। তেমনি, কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য সব দিক দিয়েই এটি একটি সমৃদ্ধ রাজ্য। ১২০০ শতকে আসাম রাজ্য প্রতিষ্ঠায় মহারাজা চাউলুঙ সুকাফার অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেন রাজ্যপাল। আসামকে তিনি উত্তরপূর্বাঞ্চলের বানিজ্যের প্রবেশদ্বার হিসাবে আখ্যা দেন। উত্তর পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যের সঙ্গে আসামের সংস্কৃতি ও সমৃদ্ধির সম্পর্ক ভবিষ্যতে আরও এগিয়ে

যাবে বলে তিনি প্রত্যাশা করেন। ভারতের বিকাশের রেখাচিত্রে আসামের অবদান উত্তরোত্তর বৃদ্ধি পাবে এবং এই রাজ্য আরো সমৃদ্ধির পথে এগিয়ে যাবে বলে প্রত্যাশা করেন রাজ্যপাল।

আসাম দিবস উপলক্ষে, এই অনুষ্ঠানে আসামের রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্যের এক বার্তা প্রচার করা হয়। অধ্যাপক, শিক্ষক, চিকিৎসক সহ বিভিন্ন পেশায় রাজ্যে কর্মরত প্রবাসী অহমিয়াদের মধ্যে ১৬ জনকে রাজ্যপাল উত্তরীয় ও প্রীতি উপহার দিয়ে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে আসাম নিবাসী ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডঃ সিন্ধু পোডিয়াল, ত্রিপুরা ইকফাই বিশ্ববিদ্যালয়ের ডিন ডঃ প্রিয়াংশু রঞ্জন বড়ঠাকুর আসাম রাজ্য প্রতিষ্ঠা ও আসামের সমৃদ্ধ কৃষ্টি সংস্কৃতির ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য পেশ করেন।

****************************

**Governor-Khowai :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে প্রথমবারের মতো জেলাভিত্তিক বিদ্যা উৎসব ২০২৪ এর সমাপ্তি অনুষ্ঠান আজ তেলিয়ামুড়া চিত্রাঙ্গদা কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, শিক্ষাই জাতি গঠনের মূল স্তম্ভ। মানবজাতির কল্যানে তিনি প্রকৃত শিক্ষার প্রসারের উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান প্রমুখ।

****************************

**Bi-cycle Distribution-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার শিক্ষার প্রসারে বহুমুখী প্রকল্প রূপায়ণ করছে। এর মধ্যে নবম

শ্রেণীর ছাত্রীদের মধ্যে বাইসাইকেল বিতরণ একটি অন্যতম প্রয়াস। আজ খয়েরপুর পল্লীমঙ্গল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত জেলাভিত্তিক বাই-সাইকেল প্রদান কর্মসূচীর সূচনা করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই প্রকল্পের অধীনে ২০২২-২৩ শিক্ষাবর্ষে রাজ্যের ৯৯২টি সরকারি এবং সরকার কর্তৃক অনুদানপ্রাপ্ত উচ্চ এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণিতে পাঠরতা ২৩,৩০০ জন ছাত্রীকে বাই-সাইকেল প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী বলেন,

##########Byte#########s

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতি চেয়ারপারসন ঝর্ণা রানী দাস, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভাল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা প্রমুখ।

**************************

**Bi-Cycle Distribution-Sepahijala :**

এদিকে, আজ বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক ২০২২-২৩ শিক্ষাবর্ষের নবম শ্রেনীর ছাত্রীদের বাই-সাইকেল প্রদান করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক কিশোর বর্মন, বিশ্বজিৎ কলই, জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, জেলা শিক্ষা আধিকারিক মলয় ভৌমিক প্রমুখ। ২০২২-২৩ শিক্ষাবর্ষের সিপাহীজলা জেলার ১৫৮ বিদ্যালয়ের ৩১২৩ জন ছাত্রীকে ক্রমান্বয়ে এই বাই-সাইকেল প্রদান করা হবে।

****************************

**Bi-Cycle Distribution-Khowai :**

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের পক্ষ থেকেও আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে পুর এলাকার ৫টি স্কুলের নবম শ্রেনীর ছাত্রীদের হাতে বাই সাইকেল তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়।

*************************

**Bicycle Distribution-Unakoti :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কৈলাসহর উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে ২০২২-২৩ শিক্ষাবর্ষের নবম শ্রেণীর ছাত্রীদের বাই-সাইকেল বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলাশাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, জেলার ৮৫টি বিদ্যালয়ের ১১৯০ জন ছাত্রী বাই-সাইকেল পাচ্ছে।

*************************

**World Disabled Day :**

আগামীকাল বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে আজ শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মহকুমা শাসক মনোজ কুমার সাহা, বকাফা সুসংহত শিশু বিকাশ কেন্দ্রের প্রকল্প আধিকারিক হীরালাল দেববর্মা প্রমুখ প্রতিবন্ধী দিবসের তাৎপর্য বিশ্লেষণ করে বক্তব্য রাখেন। সভা শুরুর আগে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের এক শোভাযাত্রা শান্তিরবাজার শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করে।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন আঠার ডিগ্রী সেলসিয়াস।

**************************